

বেথুনের ছাত্রীদের লেখায় বিদ্যাসাগর

নিজস্ব সংবাদদাতা

উপাধ্যক্ষ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মের দ্বিশতবর্ষ। তাই তাঁকে নিয়ে একাধিক লেখা লিখলেন বেথুন কলেজের পড়ুয়ারা। তবে শুধু ইংরেজি, বাংলা বা হিন্দিতেই নয়, সংস্কৃতের লিখলেন তাঁরা।

এই লেখার মূল উৎসাহদাতা অবশ্য নতুন অধ্যক্ষা কৃষ্ণা রায়। পুজোর ছুটির আগেই অধ্যক্ষা হিসেবে কাজে যোগ দিয়েছেন তিনি। ছুটির পরে পুরোদমে কলেজ শুরু হতেই ছাত্রীদের তিনি বুঝিয়েছিলেন যে, নারী শিক্ষা ও সমাজ সংস্কারে বিদ্যাসাগরের অবদানের কথা। তাঁরই উদ্যোগে মঙ্গলবার বিদ্যাসাগরকে নিয়ে একটি লেখার আয়োজন হয় কলেজে। অধ্যক্ষার কথায়, “দুশো বছরের জন্মবার্ষিকী শুধু তাঁর মূর্তি স্থাপন আর আনুষ্ঠানিকতায় সীমাবদ্ধ রাখলে যথার্থ মূল্যায়ন হবে না। সমাজ সংস্কারক হিসেবে তাঁর কাজ এবং নারী শিক্ষা প্রসারে তাঁর উদ্যোগ সকলের জানা প্রয়োজন।”

ছাত্রীদের বলে দেওয়া হয়েছিল বাংলা, ইংরেজি, সংস্কৃত এবং হিন্দির মধ্যে একটি ভাষায় দশ লাইনে বিদ্যাসাগর সম্পর্কে লিখতে হবে। কলেজের নিয়মিত ক্লাসের পরে শেষ বেলায় ছাত্রীদের অনেকেই তা লিখতে জড়ো হয়ে গিয়েছিলেন। অধ্যক্ষার কথায়, “বিদ্যাসাগরের অবদান এই প্রজন্মকে বোঝাতেই হবে। সে ছোট পরিসরে হোক, অথবা বড় পরিসরে।”